

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৯.২০১৬-

তারিখঃ ----- খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ নাজমুল হাসান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, তাহিরপুর, সুনামগঞ্জ-এর বিরুদ্ধে গত ০৯/০৮/২০১৫ হতে ১৭/৮/২০১৫ পর্যন্ত ০৯দিন, ০৪/১১/২০১৫ হতে ০৩/০১/২০১৬ পর্যন্ত ৬১দিন, ২৮/০১/২০১৬ হতে ০৭/০২/২০১৬ পর্যন্ত ১১ দিন এবং ০৯/০২/২০১৬ হতে ২২/৫/২০১৬ পর্যন্ত ১০৩ দিন সর্বমোট (৯+৬১+১১+১০৩)=১৮৪ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং দীর্ঘ অনুপস্থিতির কারণে প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রম বাস্তবায়ন বাধাগ্রস্ত হওয়ার অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিতে এ অধিদপ্তরের ২৬-০৫-২০১৬ খ্রিঃ তারিখের ১৪৫ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা চালু করা হয়।

০২। যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে তিনি লিখিত জবাব দাখিল না করায় তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়নি। বিধি মোতাবেক মামলাটি নিষ্পত্তির লক্ষ্যে বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে অননুমোদিত অনুপস্থিতির অভিযোগ প্রমানিত মর্মে উল্লেখ থাকায় তাকে অধিদপ্তরের ২২-৯-২০১৬ খ্রিঃ তারিখের ২৬৫ সংখ্যক স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ দেয়া হয়। তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। জবাবে তিনি অসুস্থতার কথা উল্লেখপূর্বক চিকিৎসা পত্র দাখিল করেন এবং শারীরিক অসুস্থতার বিষয়টি বিবেচনায় এনে ও ডাক্তারী কাগজপত্র পর্যালোচনায় তাকে আনীত অভিযোগ হতে ক্ষমা করার জন্য অনুরোধ করেন। একই সাথে তিনি অর্জিত ছুটি হতে তার অনুপস্থিতির দিনগুলো সমন্বয় করারও অনুরোধ জানান।

০৩। যেহেতু, তার দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব, অসুস্থতাজনিত চিকিৎসাপত্র এবং নথি পর্যালোচনায় তাকে চলমান এ বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) সেহেতু, এক্ষণে জনাব মোঃ নাজমুল হাসান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, তাহিরপুর, সুনামগঞ্জ-কে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো;

খ) একই সাথে ভবিষ্যতে এ ধরনের আচরণ হতে বিরত থাকতে সতর্ক করা হলো ;

গ) তার অননুমোদিত অনুপস্থিতিকাল ছুটি বিধি অনুযায়ী নিষ্পত্তিযোগ্য।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন : ৯৫৫৯৩৮৯

তারিখঃ ২/২/১৬ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৯.২০১৬- ৬৭
অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা/সুনামগঞ্জ।

০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।

০৩। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।

০৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।

০৫। জনাব মোঃ নাজমুল হাসান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, তাহিরপুর, সুনামগঞ্জ।

০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৭। অফিস কপি।

(মোঃ আতাউর রহমান)

সহকারী পরিচালক(শৃঙ্খলা)

ফোন : ৯৫৫১৮৫৯